



# ????, ?????? ?? – ?????? ???????????

সূর্যকে ছোঁয়ার জন্যে একা চাঁদ ঘোরে চক্রাকারে  
ঘুরতে ঘুরতে চাঁদ অভিমানে অমাবস্যা হয় ।  
চাঁদের আবেগে টান লাগে জলাশয়ে  
জলের ফেনায় ফণা তোলে নদী; সূর্য নামে তাতে ।

এমন নদীর তীরে কারো হাত ছিলো এই হাতে,  
এনে পড়ে প্রায় প্রতিরাতে ।

এখনও আগের মতো চাঁদ আছে, সূর্য আছে, আর  
নদী আছে নদীর জায়গায় ।  
দিনেরাতে কল্লোলিত জ্যোৎস্নারৌদ্রে জ্বলে পটভূমি  
শুধু নেই আমি আর তুমি ।